

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার  
আইইবি ভবন, রমনা, ঢাকা।  
sknpl.portal.gov.bd

তারিখ: ১৬.০১.২০২৩

নং- ৪৩.২৬.০০০০.০০২.২৩.৮৪৮.২০২২.২৩১

বিষয়: ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদযাপন উপলক্ষে উপস্থিত বইপাঠ, চিত্রাংকন এবং আবৃত্তি প্রতিযোগিতা।

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদযাপন এর লক্ষ্যে সারা দেশব্যাপী নিম্নোক্ত বিষয়ে উপস্থিত বইপাঠ, চিত্রাংকন এবং আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক. উপস্থিত বইপাঠ প্রতিযোগিতা: বইপাঠ প্রতিযোগিতার বই সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার হতে সরবরাহ করা হবে। প্রতিযোগীকে সশরীরে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারে উপস্থিত হয়ে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। প্রতিযোগিতা আগামী ০১.০২.২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে।

খ. চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১	ক	শিশু শ্রেণি - দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	০২.০২.২০২৩
২	খ	তৃতীয় শ্রেণি - সপ্তম শ্রেণি	গ্রন্থাগারে বই পড়া	সকাল ১১:০০ টা

গ. আবৃত্তি প্রতিযোগিতা:

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	কবিতার নাম	তারিখ ও সময়
১	ক	নবম - দ্বাদশ	সোনার তরী - রবীন্দ্রনাথ ঠাকুর	০২.০২.২০২৩
২	খ	স্নাতক - স্নাতকোত্তর	মানুষ - কাজী নজরুল ইসলাম	বেলা ১২:০০ টা

শর্তাবলী:

- শিক্ষার্থীদের ক্ষেত্রে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র অথবা শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
- চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে অবশ্যই আর্ট পেপারের অপর পৃষ্ঠায় নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বয়স এবং গ্রুপের নাম লিখতে হবে।
- চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে।

স্বাক্ষর  
১৬/০১/২০২৩  
মোছা: মরিয়ম বেগম  
পরিচালক (প্রশাসন ও হিসাব)  
গণগ্রন্থাগার অধিদপ্তর।